গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হোন
স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার ব্যবহার করুন।

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ
করে জাতীয় দায়িত্ব পালন করুন।

পিজিসিএল অধিভুক্ত এলাকায় স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার, স্কাডা ও জিআইএস স্থাপন প্রকল্প

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)


(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়: নলকা, সিরাজগঞ্জ।

## স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত তথ্যাবলী

মূল্যবান প্রাকৃতিক গ্যাসের সাশ্রয়ী, দক্ষ ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণ, গ্রাহকের জন্য উন্নত ও ডিজিটাল মিটারিং ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর শতভাগ আবাসিক গ্রাহকের আঙ্গিনায় স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনে সরকারি নির্দেশনার অংশ হিসেবে পিজিসিএল-এর সকল মিটারবিহীন আবাসিক শ্রেণির গ্রাহকের প্রতিটি চুলার জন্য স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে।



**Smart Prepaid Gas Meter**




### স্মার্ট প্রিপেইড গ্যাস মিটারের সুবিধাদি :

- এটি উন্নত ও ডিজিটাল গ্যাস পরিমাপ পদ্ধতি; এর মাধ্যমে প্রকৃত ব্যবহার অনুযায়ী গ্যাসের বিল প্রদানের সুযোগ থাকায় গ্রাহকদের অর্থ সাশ্রয়ের পাশাপাশি মূল্যবান প্রাকৃতিক গ্যাসের যথাযথ ব্যবহার নিশ্চিত হবে।
- গ্যাস বিল বকেয়া জনিত খেলাপী গ্রাহক হওয়ার সম্ভাবনা থাকবে না। ট্যারিফ পরিবর্তনের কারণে বর্ধিত নিরাপত্তা জামানতের প্রয়োজন হবে না; নিজস্ব মোবাইল থেকে বাংলাদেশ কিংবা পৃথিবীর যেকোন প্রান্ত থেকে মিটার রিচার্জ করা যাবে এবং কতটুকু গ্যাস ব্যবহার হয়েছে ও কতটুকু অবশিষ্ট আছে তাও জানা যাবে।
- ব্যবহরের সময় গ্রাহক যতটুকু গ্যাস ব্যবহার করবে, রিচার্জ হতে ততটুকু বিল কর্তন হবে; রিচার্জকৃত অবশিষ্ট টাকা ব্যালেন্স হিসেবে মিটার একাউন্টে জমা থাকবে।
- ইমারজেন্সি ব্যালেন্স সুবিধা থাকায় গ্রাহকের গ্যাস সরবরাহ নিরবচ্ছিন্ন থাকবে, রিচার্জ করার পরে রিচার্জকৃত অর্থ হতে ইমারজেন্সি ব্যালেন্স সমন্বয় হবে।
- স্মার্ট প্রিপেইড গ্যাস মিটারের জন্য এককালীন কোন অর্থ প্রদান করতে হবে না; মিটার ভাড়া হিসেবে গ্রাহকের কাছ থেকে রিচার্জের সময় প্রতি মাসে একবার ভাড়া আদায়/সমন্বয় করা হবে।
- অভ্যন্তরীণ জি.আই লাইনে লিকেজ এবং গ্যাস ব্যবহার সম্পর্কে সর্বদা অবহিত থাকা যাবে। ফলে লিকেজ-জনিত কারণে দুর্ঘটনা এড়ানো সহজ হবে।

### স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনে গ্রাহকের করণীয় :

- ❖ যে সকল গ্রাহকের সংযোগে প্রতিটি চুলার জন্য আলাদা জি.আই লাইন নাই, সে সকল গ্রাহককে মিটার স্থাপনের সুবিধার্থে পিজিসিএল এর সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগের মাধ্যমে প্রতিটি চুলার জন্য আলাদা জি.আই লাইন স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ❖ অভ্যন্তরীণ জি.আই লাইনে লিকেজ থাকলে তা পরিবর্তন বা মেরামত করতে হবে।
- ❖ গ্যাস লাইন সংক্রান্ত যে কোন কাজে কেবল মাত্র পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর তালিকাভুক্ত বৈধ ঠিকাদার নিয়োগ করা যাবে।
- ❖ প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের জন্য কারো সাথে কোন প্রকার অর্থ লেনদেন না করা।
- ❖ মিটার স্থাপনের ব্যাপারে কেউ কোনরূপ বিভ্রান্ত করার চেষ্টা করলে, পশ্চিমাঞ্চল গ্যাস কর্তৃপক্ষ-কে অবহিত করা।
- ❖ উন্নত মানের গ্যাসের চুলা ব্যবহার করা।
- ❖ কোম্পানির সাথে আপনার তথ্যাবলি হালনাগাদ করা।

### স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন সংক্রান্ত ব্যয় :

- ❖ প্রাথমিকভাবে পিজিসিএল কর্তৃক প্রিপেইড গ্যাস মিটার ক্রয় ও এর স্থাপন ব্যয় বহন করা হবে।
- ❖ মিটার স্থাপনের জন্য প্রয়োজনীয় ফিটিংস এর মূল্য কোম্পানি কর্তৃক বহন করা হবে।
- ❖ গ্রাহকের নিকট থেকে গ্যাসের মূল্যের সাথে সরকার নির্ধারিত হারে মিটার ভাড়া আদায় করা হবে।
- ❖ অভ্যন্তরীন জি.আই লাইন পৃথকীকরণ ব্যয় (জি.আই পাইপ লাইনের মালামাল সহ নির্মাণ ব্যয়) গ্রাহককে বহন করতে হবে।

### জি.আই লাইন মেরামত এবং আলাদাকরণের জন্য গ্রাহকের আবেদন :

- ❖ যে সকল গ্রাহকের সংযোগে প্রতিটি চুলার জন্য আলাদা জি.আই লাইন নির্মিত নাই, সে সকল গ্রাহক-কে পিজিসিএল এর তালিকাভুক্ত ১.১ ক্যাটাগরি ঠিকাদারের মাধ্যমে প্রতিটি চুলার জন্য আলাদা জি.আই লাইন স্থাপনের ব্যবস্থা করতে হবে।
- ❖ যে সকল গ্রাহকের অভ্যন্তরীণ জিআই লাইনে লিকেজ বিদ্যমান, সে সকল গ্রাহককে পিজিসিএল এর তালিকাভূক্ত ১.১ ক্যাটাগরি ঠিকাদারের মাধ্যমে নিজ খরচে জি.আই লাইন পরিবর্তন বা মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ❖ ঠিকাদারের তালিকা পিজিসিএল এর ওয়েব সাইট https://pgcl.gov.bd এবং সকল আঞ্চলিক কার্যালয়ে পাওয়া যাবে।
- ❖ জি.আই লাইন আলাদাকরণের জন্য আপনি অথবা আপনার নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে নমুনা ফরমেট অনুযায়ী অভ্যন্তরীণ জি.আই লাইনের নকশা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে আবেদন করতে হবে।
- ❖ আঞ্চলিক বিতরণ কার্যালয় কোন রকম ফি গ্রহণ ব্যতিরেকে দাখিলকৃত নকশা সঠিক থাকা সাপেক্ষে অনুমোদন করবে।
- ❖ নকশা অনুমোদনের জন্য আবেদনের ফরমেট, পিজিসিএল এর ওয়েব সাইটঃ https://pgcl.gov.bd এবং সকল আঞ্চলিক কার্যালয়ে পাওয়া যাবে।
- ❖ নক্সা অনুমোদনের পর সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে গ্রাহক নিয়োজিত ঠিকাদারের মাধ্যমে জি.আই লাইন মডিফিকেশন কাজ সম্পন্ন করতে হবে।

### বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ব্যবস্থাপক<br>সিরাজগঞ্জ রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২২৪ | ব্যবস্থাপক<br>বগুড়া রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২৩৩ | ব্যবস্থাপক<br>পাবনা রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২২৮ | ব্যবস্থাপক<br>বাঘাবাড়ি রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২৪০ | ব্যবস্থাপক<br>রাজশাহী রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২৪৪ |
| ব্যবস্থাপক<br>ঈশ্বরদী রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৫৫৫১৩৫৯৮ | ব্যবস্থাপক<br>বেড়া-সাথিয়া রিজিওনাল অফিস<br>পিজিসিএল<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২৪০ | উপ-প্রকল্প পরিচালক<br>স্মার্ট প্রি-পেইড গ্যাস<br>মিটার স্থাপন প্রকল্প<br>মোবাইলঃ ০১৩২৪৭৩৬৪৮৯ | প্রকল্প পরিচালক<br>স্মার্ট প্রি-পেইড গ্যাস<br>মিটার স্থাপন প্রকল্প<br>মোবাইলঃ ০১৭৩০ ৩৫৭২৩০ | মহাব্যবস্থাপক<br>বিপণন<br>মোবাইলঃ ০১৭০৮৪৫৮৮৮৯ |


## পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)

প্রধান কার্যালয়ঃ নলকা, সিরাজগঞ্জ।

www.pgcl.gov.bd